



ইসলামিক ফাউন্ডেশন
[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেস বিজ্ঞপ্তি॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-
বাংলাদেশের আকাশে আজ কোথাও পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি
আগামী ১৯ অক্টোবর সোমবার থেকে পবিত্র রবিউল আউয়াল মাস গণনা শুরু
আগামী ৩০ অক্টোবর শুক্রবার সারাদেশে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে।

ঢাকা, শনিবার, ১৭ অক্টোবর ২০২০।

বাংলাদেশের আকাশে আজ কোথাও ১৪৪২ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল ১৮ অক্টোবর রবিবার পবিত্র সফর মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৯ অক্টোবর সোমবার থেকে পবিত্র রবিউল আউয়াল মাস গণনা করা হবে। প্রেক্ষিতে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪২ হিজরী, ১৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ, ৩০ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ শুক্রবার সারাদেশে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররমস্থ সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: আলতাফ হোসেন চৌধুরী।

সভায় ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদ, তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো: নজরুল ইসলাম, অতিরিক্ত-প্রধান তথ্য কর্মকর্তা মো: শাহেনুর মিয়া, ওয়াকফ প্রশাসক এস.এম তারিকুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (প্রশাসন) মুহা. নেহার উদ্দিন জুয়েল, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের পিএসও আবু মোহাম্মদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মো: আবদুর রহমান, শোলাকিয়া মসজিদের ইমাম মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ, মাদ্রাসা-ই-আলিয়ার অধ্যক্ষ মো:হারুন আর রশিদ, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের মুহাদ্দিস মাওলানা ওয়ালীয়ুর রহমান খান, ইসলামিক ফাউন্ডেশনের মুফতি মাওলানা মোহাম্মদ আব্দুল্লাহ, লালবাগ শাহী জামে মসজিদের খতিব মুফতি মুহাম্মদ নেয়ামতুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া সভায় বিশিষ্ট আলেম-ওলামাবন্দ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৪২ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ ২৯ সফর ১৪৪২ হিজরি, ০১ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ, ১৭ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ শনিবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামীকাল ০২ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ, ১৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ রবিবার ১৪৪২ হিজরি সনের পবিত্র সফর মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ০৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ, ১৯ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ সোমবার থেকে ১৪৪২ হিজরী সনের পবিত্র রবিউল আউয়াল মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪২ হিজরী, ১৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ, ৩০ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ শুক্রবার সারাদেশে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে।

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬